



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

স্মারক নং- বশিবো/জেএসসি(০২)/২০১/২০২১/২৭৯৪

তারিখ: ০৩/১০/২০২১ খ্রি.


বিশেষ বিবেচনায় জেএসসি-২০২১ এর নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তি

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও স্কুল এণ্ড কলেজ এর প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, বিশেষ বিবেচনায় ২০২১ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত বাদপড়া শিক্ষার্থীদের (যদি থাকে) ০৩/১০/২০২১ তারিখ থেকে ১৫/১০/২০২১ তারিখের মধ্যে (ম্যানুয়াল পদ্ধতিতে) নিবন্ধন করার জন্য বলা হলো। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক দাখিলকৃত আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে।

- ০১। শিক্ষার্থী প্রতি নিবন্ধন ফি ৭০/- (সত্তর টাকা) এবং বিলম্ব ফি ২৫/- টাকাসহ সর্ব মোট ৯৫/- (পচাঁচকবি টাকা)।
- ০২। শিক্ষার্থীর ডাটা অবশ্যই ইংরেজী বড় হাতের অক্ষরে লিখতে হবে।
- ০৩। আবেদনের সাথে শিক্ষার্থীর ৫ম শ্রেণি উত্তীর্ণের সনদপত্র, পিতা ও মাতার ভোটার আইডি কার্ড, শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদ এবং ভর্তি রেজিস্টারের ফটোকপি অবশ্যই সংযুক্ত করতে হবে।
- ০৪। যে সব শিক্ষার্থীদের জন্ম তারিখ ০১/০১/২০০৫ তারিখ হতে ৩১/১২/২০০৯ তারিখের মধ্যে কেবল সে সকল শিক্ষার্থীরাই ২০২১ সালের জেএসসি নিবন্ধন করতে পারবে। অর্থাৎ ৩১/১২/২০২১ তারিখ পর্যন্ত যে সকল শিক্ষার্থীর বয়স সর্বোচ্চ ১৭ বছর এবং সর্বনিম্ন ১২ বছর।
- ০৫। নিবন্ধন করার সময় শিক্ষার্থীর পিতা ও মাতার নামের পূর্বে মি:, মিসেস, মৃত, মরহুম, প্রফেসর, মেজর, কর্নেল, ব্রিগেডিয়ার, ডাক্তার, ড. শ্রীযুক্ত, আলহাজ্ব ইত্যাদি এবং নামের শেষে বি এ, এম এ, এফ আর সি এস ইত্যাদি সংযুক্ত করা যাবে না।
- ০৬। অসম্পূর্ণ এবং ভুল তথ্যের জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

বি:দ্র: নিবন্ধনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফিসের অতিরিক্ত অর্থ আদায় করলে তার জন্য প্রতিষ্ঠান প্রধান নিজেই দায়ী থাকবেন। উল্লেখ্য উক্ত সময়সীমা (০৩/১০/২০২১ তারিখ থেকে ১৫/১০/২০২১ তারিখ পর্যন্ত) শেষ হওয়ার পর কোনক্রমেই আর ২০২১ সালের জেএসসির নিবন্ধনের জন্য আবেদনপত্র গ্রহণ করা হবেনা।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল অনুমতিপ্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত
স্কুল এণ্ড কলেজ, মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ:

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৪। সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত) কম্পিউটার কেন্দ্র, বরিশাল।
- ০৫। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৬। সংরক্ষণ নথি।